COVID-19 টিকাগুলোকে বোঝা

তিনটি COVID-19 টিকা — যেগুলো Pfizer-BioNTech, Moderna, এবং Johnson & Johnson/ Janssen এর তৈরি — যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) কর্তৃক ব্যবহারের অনুমোদন পেয়েছে। তিনটি টিকাই নিরাপদ ও মানুষকে COVID-19 জনিত গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যু থেকে রক্ষায় অত্যন্ত কার্যকর। যত তাড়াতাড়ি আপনি টিকা নেবেন, তত দ্রুত আপনি সুরক্ষিত হবেন!



	Pfizer
এটি কোন ধরনের টিকা?	মেসেঞ্জার আরএনএ (mRNA)। mRNA টিকাসমূহ সম্পর্কে জানতে, **mRNA COVID-19 টিকাসমূহ যেভাবে কাজ করে** তা পড়ুন।
আমার কতগুলো ডোজ প্রয়োজন হবে?	দুই। আপনার প্রথম ডোজের 21 দিন পর আপনার দ্বিতীয় ডোজটি নেওয়া উচিত, তবে যত সময়ই পার হোক না কেন দ্বিতীয় ডোজটি নিয়ে নিন।
ক্লিনিক্যাল ট্রায়ালে কতজন ছিল?	44,000 এর বেশি
ক্লিনিক্যাল ট্রায়ালগুলো কোথায় চালানো হয়েছে?	যুক্তরাষ্ট্র, আর্জেন্টিনা, ব্রাজিল, জার্মানি, তুরস্ক ও দক্ষিণ আফ্রিকা
ক্লিনিক্যাল ট্রায়ালে কারা অংশ নিয়েছিল?	• 10% ছিল কৃষ্ণাঙ্গ • 26% ছিল ল্যাটিনো • 4% ছিল এশিয়ান • 21% এর বয়স ছিল 65 বা তার উপরে • 46% এর একটি অন্তর্নিহিত শারীরিক সমস্যা ছিল
টিকাটি কি ভ্যারিয়ান্টগুলোর বিরুদ্ধে কার্যকর?	এখন পর্যন্ত যে ভ্যারিয়ান্টগুলো সনাক্ত হয়েছে সেগুলোর বিরুদ্ধে টিকাটি সুরক্ষা দেবে বলে আশা করা হচ্ছে, তবে কিছু ভ্যারিয়ান্টের বিরুদ্ধে সুরক্ষা ততটা জোরালো নাও হতে পারে।
আমার কি ভবিষ্যতে বাড়তি ডোজ নিতে হবে?	আমরা এখনও জানি না
টিকাটি কখন সম্পূর্ণ কার্যকর হয়?	দ্বিতীয় ডোজের দুই সপ্তাহ পর
সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?	হাতের যেখানে আপনার টিকা দেওয়া হয়েছে সেখানে ব্যথা বা ফুলে যাওয়া, মাথাব্যথা, শরীরে ব্যথা, ক্লান্তি এবং জ্বর হচ্ছে সবচেয়ে সাধারণ। দ্বিতীয়বারের টিকার পরে পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সাধারণত বেশি দেখা যায় এবং বয়স্কদের ক্ষেত্রে কিছুটা কম থাকে।
কারা টিকাটি নিতে পারবে?	12 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তিগণ
কাদের টিকাটি নেয়া উচিত হবে না?	• যাদের এর আগে অথবা প্রথম ডোজটি নেওয়ার পর টিকাটির কোনো একটি উপাদানের বিরুদ্ধে গুরুতর বা তাৎক্ষণিক অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া দেখা দিয়েছে • কিছু মানুষ যাদের যে কোনো টিকা বা ইনজেকশনের সাহায্যে প্রদেয় ওষুধের বিরুদ্ধে অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার ইতিহাস আছে (আপনি Pfizer টিকাটি নিতে পারবেন কিনা তা জানতে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে কথা বলুন)
টিকাটিতে কী কী আছে?	mRNA, লিপিড, লবণ ও সুগার। উপাদানসমূহের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য, **FDA তথ্য পত্র** দেখুন।

NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY

NYC Health

	Moderna
এটি কোন ধরণের টিকা?	মেসেঞ্জার আরএনএ (mRNA)। mRNA টিকাসমূহ সম্পর্কে জানতে, **mRNA COVID-19 টিকাসমূহ যেভাবে কাজ করে** তা পড়ুন।
আমার কতগুলো ডোজ প্রয়োজন হবে?	দুই। আপনার প্রথম ডোজের 28 দিন পর আপনার দ্বিতীয় ডোজটি নেওয়া উচিত, তবে যত সময়ই পার হোক না কেন দ্বিতীয় ডোজটি নিয়ে নিন।
ক্লিনিক্যাল ট্রায়ালে কতজন ছিল?	30,000 এর বেশি
ক্লিনিক্যাল ট্রায়ালগুলো কোথায় চালানো হয়েছে?	যুক্তরাষ্ট্র
ক্লিনিক্যাল ট্রায়ালে কারা অংশ নিয়েছিল?	• 10% ছিল কৃষ্ণাঙ্গ • 20% ছিল ল্যাটিনো • 5% ছিল এশিয়ান • 25% এর বয়স ছিল 65 বা তার উপরে • 22% এর একটি অন্তর্নিহিত শারীরিক সমস্যা ছিল
টিকাটি কি ভ্যারিয়ান্টগুলোর বিরুদ্ধে কার্যকর?	এখন পর্যন্ত যে ভ্যারিয়ান্টগুলো সনাক্ত হয়েছে সেগুলোর বিরুদ্ধে টিকাটি সুরক্ষা দেবে বলে আশা করা হচ্ছে, তবে কিছু ভ্যারিয়ান্টের বিরুদ্ধে সুরক্ষা ততটা জোরালো নাও হতে পারে।
আমার কি ভবিষ্যতে বাড়তি ডোজ নিতে হবে?	আমরা এখনও জানি না
টিকাটি কখন সম্পূর্ণ কার্যকর হয়?	দ্বিতীয় ডোজের দুই সপ্তাহ পর
সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?	হাতের যেখানে আপনার টিকা দেওয়া হয়েছে সেখানে ব্যথা বা ফুলে যাওয়া, মাথাব্যথা, শরীরে ব্যথা, ক্লান্তি এবং জ্বর হচ্ছে সবচেয়ে সাধারণ। দ্বিতীয়বারের টিকার পরে পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সাধারণত বেশি দেখা যায় এবং বয়স্কদের ক্ষেত্রে কিছুটা কম থাকে।
কারা টিকাটি নিতে পারবে?	18 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তি
কাদের টিকাটি নেয়া উচিত হবে না?	• যাদের এর আগে অথবা প্রথম ডোজটি নেওয়ার পর টিকাটির কোনো একটি উপাদানের বিরুদ্ধে গুরুতর বা তাৎক্ষণিক অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া দেখা দিয়েছে • কিছু মানুষ যাদের যে কোনো টিকা বা ইনজেকশনের সাহায্যে প্রদেয় ওষুধের বিরুদ্ধে অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার ইতিহাস আছে (আপনি Moderna টিকাটি নিতে পারবেন কিনা তা জানতে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে কথা বলুন)
টিকাটিতে কী কী আছে?	mRNA, লিপিড, লবণ, অ্যাসিটিক এসিড, অ্যামিন ও সুগার। উপাদানসমূহের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য, **FDA তথ্য পত্র** দেখুন।



	Johnson & Johnson
এটি কোন ধরণের টিকা?	অ্যাডিনোভাইরাস ভেক্টর। অ্যাডিনোভাইরাস ভেক্টর টিকাসমূহ সম্পর্কে আরো জানতে, **Johnson & Johnson COVID-19 টিকা কিভাবে কাজ করে** তা পড়ুন।
আমার কতগুলো ডোজ প্রয়োজন হবে?	এক
ক্লিনিক্যাল ট্রায়ালে কতজন ছিল?	40,000 এর বেশি
ক্লিনিক্যাল ট্রায়ালগুলো কোথায় চালানো হয়েছে?	যুক্তরাষ্ট্র, আর্জেন্টিনা, ব্রাজিল, চিলি, কলাম্বিয়া, মেক্সিকো, পেরু এবং দক্ষিণ আফ্রিকা
ক্লিনিক্যাল ট্রায়ালে কারা অংশ নিয়েছিল?	• 19% ছিল কৃষ্ণাঙ্গ • 45% ছিল ল্যাটিনো • 3% ছিল এশিয়ান • 20% এর বয়স ছিল 65 বা তার উপরে • 41% এর একটি অন্তর্নিহিত শারীরিক সমস্যা ছিল
টিকাটি কি ভ্যারিয়ান্টগুলোর বিরুদ্ধে কার্যকর?	এখন পর্যন্ত যে ভ্যারিয়ান্টগুলো সনাক্ত হয়েছে সেগুলোর বিরুদ্ধে টিকাটি সুরক্ষা দেবে বলে আশা করা হচ্ছে, তবে কিছু ভ্যারিয়ান্টের বিরুদ্ধে সুরক্ষা ততটা জোরালো নাও হতে পারে।
আমার কি ভবিষ্যতে বাড়তি ডোজ নিতে হবে?	আমরা এখনও জানি না
টিকাটি কখন সম্পূর্ণ কার্যকর হয়?	আপনার ইনজেকশনের দুই সপ্তাহ পর
সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?	• হাতের যেখানে আপনার টিকা দেওয়া হয়েছে সেখানে ব্যথা বা ফুলে যাওয়া, মাথাব্যথা, শরীরে ব্যথা, ক্লান্তি এবং জ্বর হচ্ছে সবচেয়ে সাধারণ। বয়স্কদের ক্ষেত্রে পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কিছুটা কম দেখা যায়। • একটি বিরল ধরনের রক্ত জমাট বাঁধার সমস্যার খুব সামান্য ঝুঁকি আছে। আরো তথ্যের জন্য, **Johnson & Johnson/Janssen COVID-19 টিকা সম্পর্কে হালনাগাদকৃত তথ্য** পড়ুন।
কারা টিকাটি নিতে পারবে?	18 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তি
কাদের টিকাটি নেয়া উচিত হবে না?	• যাদের এর আগে টিকাটির কোনো একটি উপাদানের বিরুদ্ধে গুরুতর বা তাৎক্ষণিক অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া দেখা দিয়েছে • কিছু মানুষ যাদের যে কোনো টিকা বা ইনজেকশনের সাহায্যে প্রদেয় ওষুধের বিরুদ্ধে অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার ইতিহাস আছে (আপনি Johnson & Johnson টিকাটি নিতে পারবেন কিনা তা জানতে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে কথা বলুন)
টিকাটিতে কী কী আছে?	অ্যাডিনোভাইরাস, লবণ, অ্যালকোহল, পলিসরবেট 80, হাইড্রোক্লোরিক এসিড এবং অ্যামিনো এসিড। উপাদানসমূহের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য, **FDA তথ্য পত্র** দেখুন।

আরো তথ্যের জন্য, **nyc.gov/covidvaccine** দেখুন।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে। 5.7.21